

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 25 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) 'বি' ইউনিটের (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং ও আইন অনুষদ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে ২৩ হাজার ৭৯৩ জন আবেদনকারীর মধ্যে ১৬ হাজার ৭৫৮ জন পরীক্ষা দিয়েছেন। যা শতাংশ হিসেবে উপস্থিতির হার ৭০.৪৩ শতাংশ।

শুক্রবার (২৫ এপ্রিল) বিকেল চার টা থেকে ৫ টা পর্যন্ত কুমিল্লা বিশ্ববিদ্যালয়সহ মোট ২১ টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। 'বি' ইউনিটে পরীক্ষা দিতে আসা পরিক্ষার্থী সাইফুল আয়মান বলেন, 'প্রশ্ন মোটামুটি সহজ হয়েছে। বাংলা এবং সাধারণ জ্ঞান অংশটা একটু ইজি মনে হয়েছে। ইংরেজি প্রশ্ন একটু কঠিন মনে হয়েছে সব মিলিয়ে প্রশ্ন স্যাভার্ট ছিল।

আরেক পরিক্ষার্থী দিতে আদনান ইসলাম বলেন, 'আলহামদুলিল্লাহ! আজকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে 'বি' ইউনিটের পরীক্ষা মোটামুটি ভালো হয়েছে। আমার কাছে ফিজিক্স এবং কেমিস্ট্রিটা একটু কঠিন মনে হয়েছে। আমি আশাবাদী ইনশাআল্লাহ ভালো কিছু হবে।

কেন্দ্র পরিদর্শন করতে এসে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, 'আজকে 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষার মাধ্যমে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম সমাপ্ত হয়েছে। দিকে এগোচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মধ্যে আমরা উচ্ছ্বাস দেখতে পারছি। বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষক-শিক্ষার্থী, বিএনসিসি, রোভার স্কাউট, সাংবাদিকসহ অন্যান্য সকল সংগঠনগুলো কাজ করে যাচ্ছে। গতকাল থেকেই ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা ক্যাম্পাসে প্রবেশ করছে। পরীক্ষা কার্যক্রম যাতে সুন্দর হয়, সে লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনীও তৎপর। আজকের পরীক্ষা শেষ হওয়ার মাধ্যমে কুমিল্লা বিশ্ববিদ্যালয় তার স্বতন্ত্র ভর্তি কার্যক্রম সুন্দরভাবে সম্পাদন করতে পারবে বলে আমি আশা করি।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, 'আমরা এর আগেও সফলভাবে পরীক্ষা পরিচালনা করেছি, এদিক থেকে আমাদের অভিজ্ঞতাও রয়েছে। আর আমরা সে অভিজ্ঞতাকে এ বছরও এপ্লাই করেছি। প্রত্যাশা করছি সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা সম্পন্ন হবে।

কেন্দ্র পরিদর্শন শেষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, 'স্বতন্ত্র ভর্তি পরীক্ষা আমাদের জন্য একটা চ্যালেঞ্জ ছিল। আমরা যদি পরের বার এইভাবেই স্বতন্ত্র ভর্তি পরীক্ষা নেই তবে চট্টগ্রাম ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার কেন্দ্র হিসেবে পরিকল্পনা রয়েছে। গত পরীক্ষায় রাতের বেলায় অনেক ছিনতাইয়ের ঘটনা শুনতে পেরেছি তবে এইবার আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছি এবং শিক্ষার্থীরাও যথেষ্ট সাহায্য করেছে। আমরা পুলিশ - প্রশাসনের যথেষ্ট সাহায্য পেয়েছি এবং শহরের বিভিন্ন জায়গায় নিরাপত্তার ব্যবস্থা জোরদার করা হয়েছে।

'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা কমিটির আহবায়ক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ সোহরাব উদ্দিন বলেন, 'আমরা আগেও এককভাবে পরীক্ষা নিয়েছি। চার বছর পর আবারও ভর্তি পরীক্ষা নিচ্ছি আমাদের মনে হয় আরও ভালোভাবে প্রস্তুতি নেওয়ার সময় পেলে আমাদের জন্য ভালো হতো। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, ইউনিট সকল প্রধান, শিক্ষকবৃন্দ এবং প্রশাসনিক কর্মকর্তা- কর্মচারীদের নিয়ে আমরা টিম ওয়ার্ক করেছি। প্রতিটা সেক্টরে আমরা প্ল্যান অনুযায়ী কাজ করেছি। যারা কেন্দ্র পরিদর্শক

আছেন তাদের সাথেও আমরা অনলাইনে ব্রিফ করেছি।

উল্লেখ্য, চার বছর পর গুচ্ছ পদ্ধতি থেকে বের হয়ে নিজস্ব পদ্ধতিতে পরীক্ষা নেয় কুমিল্লা বিশ্ববিদ্যালয়। 'এ', 'বি' এবং 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা কুমিল্লা বিশ্ববিদ্যালয়সহ কুমিল্লা শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিক্ষার্থী ভর্তি পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:10

URL: <https://www.timestodaybd.com/campus/1439775807>